

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২১, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ০৬ শ্রাবণ ১৪১৫ বঙ্গাব্দ/২১ জুলাই ২০০৮ খ্রিস্টাব্দ

নং ৩৭ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৫-৪-১৪১৫ বাং মোতাবেক ২০-৭-২০০৮ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৮ সনের ৩৭ নং অধ্যাদেশ

স্বপ্রণোদিত তথ্য প্রকাশ অধ্যাদেশ, ২০০৮ এর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ অধ্যাদেশ, ২০০৮ এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সম্ভোষণকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—এই অধ্যাদেশ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ (সংশোধন) অধ্যাদেশ, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৫০৪৭)

মূল্য : টাকা ২.০০

২। ২০০৮ সনের ২৭নং অধ্যাদেশের ধারা ৭ এর সংশোধন।—স্বপ্রণোদিত তথ্য প্রকাশ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ২৭ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এর ধারা ৭ এর—

(ক) উপ-ধারা (১) এর—

(অ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(ক) সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত কোন বিচারক:”;

(আ) দফা (খ) এর “বাংলাদেশ সেনাবাহিনীর” শব্দগুলির পরিবর্তে “সশস্ত্র বাহিনীর” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (২) এর দফা (গ) বিলুপ্ত হইবে।

৩। ২০০৮ সনের ২৭নং অধ্যাদেশের ধারা ১৯ এর সংশোধন।—উক্ত অধ্যাদেশের ধারা ১৯ এর উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(৩) নিম্নবর্ণিত ক্ষেত্রে কমিশনের এখতিয়ার থাকিবে না—

(ক) স্বপ্রণোদিত তথ্য প্রকাশের দ্বারা অস্ত্র, মাদকদ্রব্য, মানব পাচার, পতিতাবৃত্তি, সন্ত্রাস, হত্যা বা ধর্ষণ সম্পর্কিত অপরাধ;

(খ) ধারা ২ এর দফা (ছ) এ দুর্নীতি ও দুর্নীতিমূলক কার্যের সংজ্ঞায় উল্লিখিত আইনসমূহের অধীন সংঘটিত কোন অপরাধে দোষী সাব্যস্ত ব্যক্তি।”।

৪। ২০০৮ সনের ২৭নং অধ্যাদেশের ধারা ৪৬ এর প্রতিস্থাপন।—উক্ত অধ্যাদেশের ধারা ৪৬ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৪৬ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“৪৬। বিধি প্রণয়নের ক্ষমতা, ইত্যাদি।—(১) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন বিধি প্রণীত না হওয়া পর্যন্ত চেয়ারম্যান, কমিশনের অনুমোদন সাপেক্ষে, লিখিত আদেশ দ্বারা, যে পদ্ধতি নির্ধারণ করিবেন কমিশন উহার কার্যসম্পাদনের ক্ষেত্রে সে পদ্ধতি অনুসরণ করিবে।”।

তারিখ ০৫-৪-১৪১৫ বঙ্গাব্দ
২০-৭-২০০৮ খ্রিস্টাব্দ

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

মোঃ ইসরাইল হোসেন
যুগ্ম-সচিব।